

যুগান্তর

দৈনিক যুগান্তর, ২০২০-০২-১৮, পৃ- ০২



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ১৯তম সমাবর্তনে সোমবার এক শিক্ষার্থীর সঙ্গে হাস্যোজ্জ্বল শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৯তম সমাবর্তন অনুষ্ঠিত

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ১৯তম সমাবর্তন সোমবার বিকালে রাজধানীর আফতাবনগর ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। এবারের সমাবর্তন জাতির পিতা শেখ মুজিবুর রহমানের জন্মশতবাধিকীর্তে তার স্মৃতির উদ্দেশে নিবেদিত। সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি শিক্ষার্থীদের ডিগ্রি প্রদান করেন। সমাবর্তনে আন্ডার গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট প্রোগ্রামের ২১১১ জন শিক্ষার্থীকে সনদ দেয়া হয়। এছাড়া অনন্য মেধাবী তিন শিক্ষার্থীকে দেয়া হয় স্বর্ণপদক।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহিদুল্লাহ। সমাবর্তন বক্তা ছিলেন সুপ্রিমকোর্টের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার এম আমীর উল ইসলাম। বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ট্রাস্টি বোর্ডের সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী, বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান।

সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য, প্রোভিসি, কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারপারসন, শিক্ষক, কর্মকর্তা- কর্মচারী, গ্র্যাজুয়েট ও তাদের অভিভাবকরা অংশ নেন। সংবাদ বিজ্ঞপ্তি।

